রেজিস্টার্ড নং ডি এ-১

২০২৩ সনের ৪৯ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, ডিসেম্বর ৭, ২০২৩

## সূচীপত্র


| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ৮৫৭—৮৬৪ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীম কোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ১৫৫৫—১৫৭৭ |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীম কোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারী চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ১৪১৭—১৪৩১ |
| ৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারী ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | ৪৭ |
| ক্রোড়পত্র—সংখ্যা | |
| (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) ..............ইং তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

### গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়**
**ট্রেজারি ও ঋণ ব্যবস্থাপনা অনুবিভাগ**
**ডিএসএল-২ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৫ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ/৩১অক্টোবর ২০২৩ খ্রিষ্টাব্দ

**নং ০৭.০০.০০০০.১৪১.১১.০০৪.১৯-৯৭**—ফাইনান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল আইন, ২০১৫ এর ধারা ১২ এর উপ-ধারা (২) অনুসারে জনাব মোঃ সাঈদ আহমেদ, পিতা-মৃত মোঃ আব্দুল ওহাব, ১৯ হাজী রহিম বক্স লেইন, পোস্তা, চকবাজার থানা, ঢাকা-১২১১ কে পূর্ব নিয়োগের ধারাবাহিকতায় ফাইনান্সিয়াল রিপোর্টিং কাউন্সিলের নিরীক্ষা চর্চা পুনরীক্ষণ বিভাগের নির্বাহী পরিচালক পদে পুনঃনিয়োগ প্রদান করা হলো। এ নিয়োগের মেয়াদকাল আগামী ০১ ডিসেম্বর, ২০২৩ তারিখ হতে ০৪ (চার) বছর।

২। ফাইনান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল আইন, ২০১৫ এর ধারা ১৪ অনুসারে ফাইনান্সিয়াল রিপোর্টিং কাউন্সিলের নির্বাহী পরিচালকের পারিশ্রমিক, ভাতা সুযোগ-সুবিধা বিধি দ্বারা নির্ধারিত হবে। তবে বিধি প্রণীত না হওয়া পর্যন্ত তিনি পারিশ্রমিক বাবদ সরকার কর্তৃক নির্ধারিত বাড়ি ভাড়া ও অন্যান্য সুবিধাসহ সর্বসাকুল্যে মাসিক ২,৫০,০০০/- (দুই লক্ষ পঞ্চাশ হাজার) টাকা এবং গাড়ি ও ড্রাইভারের সুবিধা প্রাপ্য হবেন।

৩। অর্থ বিভাগের সাথে পৃথক একটি চুক্তি স্বাক্ষর সাপেক্ষে এ নিয়োগ কার্যকর হবে।

৪। জনস্বার্থে জারীকৃত এ আদেশ ০১ ডিসেম্বর, ২০২৩ তারিখ থেকে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. মোঃ খায়েরুজ্জামান মজুমদার**
সচিব।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www. bgpress. gov. bd

## ভূমি মন্ত্রণালয়
## জরিপ অধিশাখা

### প্রজ্ঞাপনসমূহ

তারিখ: ০৩ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ/১৯ অক্টোবর ২০২৩ খ্রিষ্টাব্দ

নং ৩১.০০.০০০০.০৪৯.৩৩.১৬৩.১০(অংশ-১).২৩১—The State Acquisition and Tenancy Act, 1950 (Act XXVIII of 1951) এর 144(7) ধারা এবং Tenancy Rules, 1955 এর 34(2) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে।

| ক্রম | মৌজার নাম | জে. এল নম্বর | খতিয়ান সংখ্যা | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|---|
| ১ | পারদিঘলিয়া | ২৩৩ | ১০৯৫ | টাঙ্গাইল সদর | টাঙ্গাইল |
| ২ | চাঁদসী | ৬৩ | ১৬১৫ | ঘাটাইল | টাঙ্গাইল |
| ৩ | সরাতৈল | ১৮ | ১৬২৩ | কালিহাতি | টাঙ্গাইল |
| ৪ | পুখুরিয়া দেওপুর | ৪০ | ২২৯৬ | কালিহাতি | টাঙ্গাইল |
| | | মোট = | ৬৬২৯ | | |

তারিখ: ০৭ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ/২৩ অক্টোবর ২০২৩ খ্রিষ্টাব্দ

নং ৩১.০০.০০০০.০৪৯.৩৩.০০৬.১৭.২৩২—The State Acquisition and Tenancy Act, 1950 (Act XXVIII of 1951) এর 144(7) ধারা এবং Tenancy Rules, 1955 এর 34(2) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে।

| ক্রম | মৌজার নাম | জে. এল নম্বর | খতিয়ান সংখ্যা | শীট সংখ্যা | উপজেলার | জেলা |
|---|---|---|---|---|---|---|
| ১ | ডাঙ্গা | ৩৬ | ২১৮ | ০১ | ঘোড়াঘাট | দিনাজপুর |
| ২ | কোচমর্দ্দন | ৮২ | ২৯৫ | ০১ | ঘোড়াঘাট | দিনাজপুর |
| ৩ | কুচেরপাড়া | ৯৯ | ৩১৮ | ০১ | ঘোড়াঘাট | দিনাজপুর |
| ৪ | আমলাগাড়ী | ১০৩ | ৩১২ | ০১ | নবাবগঞ্জ | দিনাজপুর |
| ৫ | হরনাথপুর | ১১ | ৩৮০ | ০১ | নবাবগঞ্জ | দিনাজপুর |
| ৬ | ধর্ম্মপুর | ১১৫ | ২৫৪ | ০১ | নবাবগঞ্জ | দিনাজপুর |
| ৭ | বয়রা | ২০৩ | ৩৫৯ | ০১ | নবাবগঞ্জ | দিনাজপুর |
| ৮ | ছোট মহেশপুর | ৭৪ | ১৮১ | ০১ | নবাবগঞ্জ | দিনাজপুর |
| ৯ | বড় তেতুলিয়া | ৮৮ | ৪৭৯ | ০১ | নবাবগঞ্জ | দিনাজপুর |
| ১০ | শালঘড়িয়া | ০৩ | ৫৯২ | ০১ | নবাবগঞ্জ | দিনাজপুর |
| ১১ | ভাবকী | ২৯ | ২৭২ | ০১ | বিরল | দিনাজপুর |
| ১২ | মঙ্গলপুর | ৪৪ | ২১৭ | ০১ | বিরল | দিনাজপুর |
| ১৩ | হরিনাথপুর | ১৭৯ | ১৪৪ | ০১ | বিরল | দিনাজপুর |
| ১৪ | বল্লভপুর | ২১২ | ৪৫১ | ০১ | বিরল | দিনাজপুর |
| ১৫ | মৌচোষা | ১১৭ | ৩৪৫ | ০১ | বিরল | দিনাজপুর |
| ১৬ | তৈয়বপুর | ১৪০ | ১৯৩ | ০১ | বিরল | দিনাজপুর |
| ১৭ | দাসনগর | ৫৩ | ৩২৩ | ০১ | বিরল | দিনাজপুর |
| ১৮ | ভাটপাড়া | ১৫৮ | ১২৫ | ০১ | বিরল | দিনাজপুর |
| ১৯ | চকফসল | ১১৯ | ৭১ | ০১ | বিরল | দিনাজপুর |
| ২০ | সাবইল | ১০৩ | ৩৯৯ | ০১ | বিরল | দিনাজপুর |
| ২১ | তরঙ্গা | ১৮ | ২৮৬ | ০১ | বিরল | দিনাজপুর |
| ২২ | মধুপুর | ৩৬ | ১৮১ | ০১ | বিরল | দিনাজপুর |
| ২৩ | বনগ্রাম | ৪৬ | ১৪৯ | ০১ | বিরল | দিনাজপুর |
| ২৪ | নরসিংপাড়া | ৪৭ | ১৪৪ | ০১ | বিরল | দিনাজপুর |

| ক্রম | মৌজার নাম | জে. এল নম্বর | খতিয়ান সংখ্যা | শীট সংখ্যা | উপজেলার | জেলা |
|---|---|---|---|---|---|---|
| ২৫ | চকশংকর | ৬৮ | ১৬৭ | ০১ | বিরল | দিনাজপুর |
| ২৬ | ঠনঠনিয়া | ১১৩ | ৯২ | ০১ | বিরল | দিনাজপুর |
| ২৭ | দেবীপুর | ৩১ | ১২৫ | ০১ | বিরল | দিনাজপুর |
| ২৮ | রামনগর | ১৪৫ | ২৮৩ | ০১ | বিরল | দিনাজপুর |
| ২৯ | বাজিতপুর | ১০৪ | ১৭৭ | ০১ | চিরিরবন্দর | দিনাজপুর |
| ৩০ | কুশলপুর | ০৫ | ২১৭ | ০১ | চিরিরবন্দর | দিনাজপুর |
| ৩১ | বেঙ্গডোব | ১৪০ | ১৮৫ | ০১ | চিরিরবন্দর | দিনাজপুর |
| ৩২ | তরতবাড়ী | ২০ | ২৩৬ | ০১ | বীরগঞ্জ | দিনাজপুর |
| ৩৩ | মহুগাঁও | ৪০ | ২৯০ | ০১ | বীরগঞ্জ | দিনাজপুর |
| ৩৪ | খোর্দ্দপাড়া | ১০২ | ১৯২ | ০১ | বীরগঞ্জ | দিনাজপুর |
| ৩৫ | পারইল | ১৩০ | ৩২৬ | ০১ | ফুলবাড়ী | দিনাজপুর |
| ৩৬ | কিসমত চাঁদপুর | ১৬৭ | ২০৭ | ০১ | ফুলবাড়ী | দিনাজপুর |
| ৩৭ | কিসমত দৌলতপুর | ১১ | ৩৪২ | ০১ | বোচাগঞ্জ | দিনাজপুর |
| ৩৮ | মালদগাঁও | ৮৭ | ৩১৩ | ০১ | বোচাগঞ্জ | দিনাজপুর |
| ৩৯ | জালালী | ৯৭ | ২৩০ | ০১ | বোচাগঞ্জ | দিনাজপুর |
| ৪০ | দরগাপাড়া | ৮২ | ৮২ | ০১ | বোচাগঞ্জ | দিনাজপুর |
| ৪১ | জাবারিপুর | ২৪ | ৩১৫ | ০১ | বোচাগঞ্জ | দিনাজপুর |
| ৪২ | গদাপুকুর | ২১ | ১৪২ | ০১ | বোচাগঞ্জ | দিনাজপুর |
| ৪৩ | সাহসপুর | ৩৭ | ৩৭৩ | ০১ | বোচাগঞ্জ | দিনাজপুর |
| ৪৪ | কেরালগাঁও | ২৬ | ১৪৮ | ০১ | বোচাগঞ্জ | দিনাজপুর |
| ৪৫ | বিষ্ণুপুর | ১১৬ | ৯৩ | ০১ | বোচাগঞ্জ | দিনাজপুর |
| ৪৬ | আহম্মদ নগর | ১১ | ৩১৪ | ০১ | বোদা | পঞ্চগড় |
| ৪৭ | খারিজা বনগ্রাম | ৯০ | ২১৬ | ০১ | বোদা | পঞ্চগড় |
| ৪৮ | উত্তর টোকরা ভাষা | ১০৫ | ১৮৯ | ০১ | বোদা | পঞ্চগড় |
| ৪৯ | সাকোয়া কামাত | ১২৪ | ২৮৪ | ০১ | বোদা | পঞ্চগড় |
| ৫০ | দেবোত্তর বাবদ জোত | ১৩৫ | ২৬৮ | ০১ | বোদা | পঞ্চগড় |
| ৫১ | কিসমত রতিরাম পাইকান | ১৪৮ | ১১৫ | ০১ | বোদা | পঞ্চগড় |
| ৫২ | বাকডোকরা | ৪০ | ৪৭০ | ০১ | আটোয়ারী | পঞ্চগড় |
| ৫৩ | ত্রিশুলিয়া | ৫৫ | ৪৩৫ | ০১ | আটোয়ারী | পঞ্চগড় |
| ৫৪ | এটলা | ৩৭ | ২২১ | ০১ | রাণীশংকৈল | ঠাকুরগাঁও |
| ৫৫ | মালঞ্চ | ১১ | ১৬৬ | ০১ | বালিয়াডাঙ্গী | ঠাকুরগাঁও |
| ৫৬ | কড়ুয়া | ৬১ | ৩৯৯ | ০১ | বালিয়াডাঙ্গী | ঠাকুরগাঁও |
| ৫৭ | দনগাঁও | ৪১ | ৩০৭ | ০১ | হরিপুর | ঠাকুরগাঁও |

তারিখ: ০৮ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ/২৫ অক্টোবর ২০২৩ খ্রিষ্টাব্দ

নং ৩১.০০.০০০০.০৪৯.৩৩.০১০.১৭.২৩৩—The State Acquisition and Tenancy Act, 1950 (Act XXVIII of 1951) এর 144(7) ধারা এবং Tenancy Rules, 1955 এর 34(2) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে।

| ক্রম | মৌজার নাম | জে. এল নং | খতিয়ান সংখ্যা | শীট সংখ্যা | উপজেলার নাম | জেলার নাম | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | কসবা সিলেট রায়নগর | ৮০ | ২৬৫৩ | ১৭ | সিলেট সদর | সিলেট | ৪৮৩৮/১৯ নং রিট থাকায় ৭৭১ নং এবং ৫০০৯/১৯ নং রিট থাকায় ১৮০৪ নং খতিয়ান ব্যতীত |
| ২ | রনকেলী বাদে | ২৭ | ২৭৫ | ০১ | গোলাপগঞ্জ | সিলেট | |

| ক্রম | মৌজার নাম | জে. এল নং | খতিয়ান সংখ্যা | শীট সংখ্যা | উপজেলার নাম | জেলার নাম | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ৩ | বসন্তপুর | ৮০ | ৭৬০ | ০২ | গোলাপগঞ্জ | সিলেট | |
| ৪ | সিলাম | ২৮ | ৩১০২ | ০৪ | দক্ষিণ সুরমা | সিলেট | |
| ৫ | ভাটরাই | ০৮ | ১১৯৭ | ০৪ | কোম্পানীগঞ্জ | সিলেট | দুর্নীতি দমন কমিশন, সিলেট কর্তৃক জব্দকৃত এবং ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, ঢাকার ১০-০৬-২০২১ খ্রিঃ তারিখের ৪৮১ নং স্মারকাদেশের প্রেক্ষিতে ১৮/১ নং খতিয়ান ব্যতীত। |
| ৬ | আলিপুর | ১০২ | ৬৪৪ | ০১ | হবিগঞ্জ সদর | হবিগঞ্জ | ৮৩৬৬/২২ নং রিট থাকায় ২১৪ নং খতিয়ান ব্যতীত |
| ৭ | শরিফাবাদ | ১৩১ | ৬০৭ | ০১ | হবিগঞ্জ সদর | হবিগঞ্জ | |
| ৮ | কাছি আইল | ১৩ | ৩৯৩ | ০১ | চুনারুঘাট | হবিগঞ্জ | |
| ৯ | দিয়াগাঁও | ১৮ | ২০১ | ০১ | চুনারুঘাট | হবিগঞ্জ | |
| ১০ | পঞ্চাশ | ২৫ | ১১৪৮ | ০৩ | চুনারুঘাট | হবিগঞ্জ | |
| ১১ | দাসপাড়া | ৪১ | ২৯৬ | ০১ | চুনারুঘাট | হবিগঞ্জ | |
| ১২ | জিকুয়া | ৪৪ | ৬২৬ | ০১ | চুনারুঘাট | হবিগঞ্জ | |
| ১৩ | জাজিউতা | ৫০ | ২৮৩ | ০১ | চুনারুঘাট | হবিগঞ্জ | |
| ১৪ | সুন্দরপুর | ৭৮ | ৩৭৭ | ০১ | চুনারুঘাট | হবিগঞ্জ | |
| ১৫ | বাসুদেবপুর | ৮৬ | ৬০৫ | ০১ | চুনারুঘাট | হবিগঞ্জ | |
| ১৬ | পাচগাতিয়া | ৯৭ | ৬৪৪ | ০১ | চুনারুঘাট | হবিগঞ্জ | |
| ১৭ | আহাম্মদ নগর | ১২২ | ৮৭৬ | ০২ | চুনারুঘাট | হবিগঞ্জ | |
| ১৮ | কলিঙ্গাছড়া | ১৪০ | ২৭৪ | ০২ | চুনারুঘাট | হবিগঞ্জ | |
| ১৯ | আশ্রবপুর | ১৫২ | ৩২৫ | ০২ | চুনারুঘাট | হবিগঞ্জ | |
| ২০ | থৈগাঁও | ১৫৪ | ৪৪০ | ০২ | চুনারুঘাট | হবিগঞ্জ | |
| ২১ | উত্তর মল্লিকপুর | ৭৯ | ১১৪৩ | ০১ | চুনারুঘাট | হবিগঞ্জ | |
| ২২ | মোহন মুকুন্দ | ৮৪ | ৬০৭ | ০১ | চুনারুঘাট | হবিগঞ্জ | |
| ২৩ | বাঁশতলা | ১৭ | ২১২ | ০২ | চুনারুঘাট | হবিগঞ্জ | |
| ২৪ | কলাউরা | ২০ | ৫৫৮ | ০১ | চুনারুঘাট | হবিগঞ্জ | |
| ২৫ | ঘিলাতলী | ২৯ | ৩৭৭ | ০১ | চুনারুঘাট | হবিগঞ্জ | |
| ২৬ | মহব্বতপুর | ৭৭ | ২৪৯ | ০১ | চুনারুঘাট | হবিগঞ্জ | |
| ২৭ | ডাউকুরকারা | ১১৩ | ১২৩১ | ০২ | চুনারুঘাট | হবিগঞ্জ | |
| ২৮ | নিশ্চিন্তপুর | ১১৬ | ১৯৫ | ০১ | দোয়ারাবাজার | সুনামগঞ্জ | |
| ২৯ | উত্তর রাজনপুর | ১৩৮ | ৪০০ | ০১ | দোয়ারাবাজার | সুনামগঞ্জ | |
| ৩০ | কাউকাপন | ৮১ | ৮৪৪ | ০২ | কুলাউড়া | মৌলভীবাজার | |

নং ৩১.০০.০০০০.০৪৯.৩৬.০১৫.১৫.২৩৪—The Survey Act, 1875 (১৮৭৫ সনের ৫ম আইন) এর ৩ ধারা এবং The State Acquisition and Tenancy Act, 1950 ( ১৯৫১ সনের ২৮ নম্বর আইন) এর ১৪৪ ধারার ১ নম্বর উপ-ধারায় বর্ণিত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক নিম্নবর্ণিত মৌজাসমূহের ডিজিটাল পদ্ধতিতে জরিপ আরম্ভ করার প্রশাসনিক অনুমোদন জ্ঞাপন করা হলো।

| ক্রম | মৌজার নাম | জে. এল নং | উপজেলা | জেলা |
|---|---|---|---|---|
| ১ | চর আবদুল্লা | ৩৭ (এস এ ৩৩) | রামগতি | লক্ষ্মীপুর |
| ২ | হীরাদি | ১০ (এস এ ৯) | গজারিয়া | মুন্সীগঞ্জ |
| ৩ | পশ্চিম মুক্তারপুর | ৩৭ | মুন্সীগঞ্জ সদর | মুন্সীগঞ্জ |

নং ৩১.০০.০০০০.০৪৯.৩৬.০০৮.১৫.(অংশ-১).২৩৫—The Survey Act, 1875 (১৮৭৫ সনের ৫ নম্বর আইন) এর ৩ ধারা এবং The State Acquisition and Tenancy Act, 1950 ( ১৯৫১ সনের ২৮ নম্বর আইন) এর ১৪৪ ধারার ১ নম্বর উপ-ধারায় বর্ণিত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক নিম্ন তফসিলভূক্ত মৌজার (চরভূমি) ডিজিটাল পদ্ধতিতে জরিপ কাজ আরম্ভ করার প্রশাসনিক অনুমোদন জ্ঞাপন করা হলো।

| ক্রম | মৌজার নাম | জে. এল নং | উপজেলা | জেলা |
|---|---|---|---|---|
| ১ | পূর্ব সুজাতপুর | ১০১ | সোনাতলা | বগুড়া |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এস এম জাহাঙ্গীর হোসেন**
উপসচিব।

---

**প্রশাসন-৩ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০৩ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ/১৯ অক্টোবর ২০২৩ খ্রিষ্টাব্দ

নং ৩১.০০.০০০০.০৩৭.২৭.২১৬.২৩.৩৩৮—যেহেতু ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরের ১৫-১০-২০২৩ খ্রিষ্টাব্দ তারিখের ৩১.০৩.০০০০.০০২.১৮.০০৩.০১-২০১৬ নম্বর স্মারকমূলে অবহিত করা হয়েছে যে, জনাব আবদুস সাত্তার সিকদার, সহকারী জরিপ অফিসার (সহকারী পরিচালক চলতি দায়িত্ব), ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, ঝালকাঠি জেলার রাজাপুর থানায় ২৯-০৭-২০২৩ খ্রিষ্টাব্দ তারিখে রুজুকৃত ০৭ নম্বর মামলায় ২৯-০৭-২০২৩ খ্রিষ্টাব্দ তরিখে গ্রেপ্তার হন; এবং

যেহেতু, সরকারি চাকরি আইন, ২০১৮ এর ৩৯(২) ধারায় উল্লেখ রয়েছে যে, 'কোনো কর্মচারী দেনার দায়ে কারাগারে আটক থাকিলে, অথবা কোনো ফৌজদারি মামলায় গ্রেপ্তার হইলে বা তাহার বিরুদ্ধে অভিযোগপত্র গৃহীত হইলে, সরকার বা নিয়োগকারী কর্তৃপক্ষ উক্তরূপ আটক, গ্রেফতারের বা অভিযোগপত্র গ্রহণের দিন হইতে তাহাকে সাময়িক বরখাস্ত করিতে পারিবে';

সেহেতু, সরকারি চাকরি আইন, ২০১৮ এর ৩৯(২) ধারা মোতাবেক, জনাব আবদুস সাত্তার সিকদার, সহকারী জরিপ অফিসার (সহকারী পরিচালক চলতি দায়িত্ব), ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরকে গ্রেফতারের তারিখ অর্থাৎ ২৯-০৭-২০২৩ খ্রিষ্টাব্দ তারিখ হতে সাময়িকভাবে বরখাস্ত করা হলো। সাময়িক বরখাস্তকালীন তিনি বিধি মোতাবেক খোরপোষ ভাতা প্রাপ্য হবেন।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মো: খলিলুর রহমান**
সচিব।

---

ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়

ডাক ও টেলিযোগাযোগ বিভাগ

ডাক-১ শাখা

প্রজ্ঞাপন

তারিখ : ৩১ অক্টোবার ২০২৩

নং ১৪.০০.০০০০.০০৬.২৭.০০১.২২.১৩২—জনাব মোঃ আমান উল্যা মজুমদার, ডেপুটি পোস্টমাস্টার জেনারেল, ডাক অধিদপ্তর (বর্তমানে সংযুক্ত, ডাক অধিদপ্তর, ঢাকা)- এর বিরুদ্ধে চলমান বিভাগীয় মামলায় (মামলা নং-০০১/২২) সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮-এর বিধি ৩ (খ) অনুযায়ী 'অসদাচরণ (Misconduct)' এবং বিধি ৩(ঘ)(ই) মোতাবেক 'দুর্নীতির' অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় সরকারি চাকরি আইন, ২০১৮ এর ৩৯(১) ধারা এং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ১২(১) বিধি অনুযায়ী তাকে সাময়িক বরখাস্ত করা হলো।

৩। তিনি সাময়িক বরখাস্তকালীন সময়ে বিধি মোতাবেক খোরপোষ ভাতা প্রাপ্য হবেন।

৪। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আবু হেনা মোরশেদ জামান**
সচিব।

---

নৌপরিবহন মন্ত্রণালয়
জাহাজ শাখা

প্রজ্ঞাপন

তারিখ: ০৯ কার্তিক ১৪৩০/২৫ অক্টোবর ২০২৩

নং ১৮.০০.০০০০.০২৪.০৬.০০১.১৯.১৯১—নৌপরিবহন মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রীর সভাপতিত্বে ৩০-০৯-২০১৯ তারিখের নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তর এর সার্বিক উন্নয়ন, আর্থিক ও প্রশাসনিক বিষয়ে অনুষ্ঠিত সভার ৪নং সিদ্ধান্তের প্রেক্ষিতে Bangladesh Merchant Shipping Ordinance 1983 (MSO) এর ২৩৭ ধারা অনুযায়ী নিম্নরূপভাবে " মেরিটাইম এ্যাডভাইজরি কমিটি" পুনঃগঠন করা হলো:

| | |
|---|---|
| সভাপতি | |
| ১ | অতিরিক্ত সচিব (সংস্থা-১), নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। |
| সদস্যবৃন্দ | |
| ২ | মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর বা একজন প্রতিনিধি। |
| ৩ | যুগ্মসচিব/উপসচিব (জাহাজ), নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। |
| ৪ | বাংলাদেশ শিপিং কর্পোরেশন এর একজন প্রতিনিধি। |
| ৫ | প্রিন্সিপাল অফিসার, নৌবাণিজ্য দপ্তর, চট্টগ্রাম। |
| ৬ | অধ্যক্ষ, ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউট, চট্টগ্রাম। |
| ৭ | শিপিং মাষ্টার, সরকারি সমুদ্র পরিবহন অফিস, চট্টগ্রাম। |

| | |
|---|---|
| ৮ | সহকারী পরিচালক/উপপরিচালক, নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তর, চট্টগ্রাম। |
| ৯ | বাংলাদেশ সমুদ্রগামী জাহাজ মালিক সমিতি এর একজন প্রতিনিধি। |
| ১০ | বাংলাদেশ মার্চেন্ট মেরিন অফিসার্স এসোসিয়েশনের একজন প্রতিনিধি। |
| ১১ | ব্যবস্থাপনা পরিচালক, মেসার্স হক এন্ড সন্স লিঃ, চট্টগ্রাম। |
| ১২ | বাংলাদেশ নাবিক রিক্রুটিং এজেন্ট এসোসিয়েশন এর একজন প্রতিনিধি |
| ১৩ | সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ সীম্যান্স এসোসিয়েশন, চট্টগ্রাম |
| ১৪ | সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ সীফ্যারার্স ইউনিয়ন, চট্টগ্রাম |
| | সদস্যসচিব |
| ১৫ | পরিচালক, নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তর, চট্টগ্রাম। |

**কমিটির কার্যপরিধি (TOR)**

কমিটি Bangladesh Merchant Shipping Ordinance ১৯৮৩ (MSO) এর ২৩৭ ধারা অনুযায়ী কমিটি নিম্নরূপ কার্যক্রম পরিচালিত করবে:

২৩৭(১) সরকারি প্রজ্ঞাপন জারির মাধ্যমে জাহাজ মালিক, নাবিক এবং সরকারের মনোনীত প্রতিনিধিদের সমন্বয়ে এ কমিটি গঠিত হবে।

(২) কমিটির কার্যাবলি হবে:

(ক) জাহাজ মালিক ও নাবিকদের মধ্যে উদ্ভূত যে কোনো বিভেদ নিরসন ও প্রতিরোধ করা;

(খ) নাবিক নিয়োগ সংক্রান্ত পদ্ধতি উন্নয়নে সরকারকে পরামর্শ দেওয়া;

(গ) নাবিকদের কর্মসংস্থানের মানোন্নয়নে বা মানের পরিবর্তনজনিত বিধানের শর্তাবলি, যেমন, তাদের মানসম্মত মজুরির হার, কাজের ঘন্টা, 'ম্যানিং স্কেল' (জাহাজের সুষ্ঠু ও নিরাপদ পরিচালনায় ন্যূনতম নাবিক সংখ্যা) এবং অনুরূপ অন্যান্য বিষয়ে সরকারকে পরামর্শ দেওয়া;

(ঘ) নাবিকদের বেকারত্বজনিত সমস্যা উন্নয়নে গৃহীত পদক্ষেপ সম্পর্কে সরকারকে পরামর্শ দেওয়া;

(ঙ) নাবিক সংক্রান্ত অন্য যে কোন উল্লেখযোগ্য বিষয়ে সরকারকে পরামর্শ দেওয়া।

২। সভাপতিসহ ০৪ (চার) জন সদস্য উপস্থিত থাকলে কমিটির কোরাম পূর্ণ হবে।

৩। প্রজ্ঞাপন জারির তারিখ হতে এ আদেশ কার্যকর হবে।

৪। সভাপতির অনুমোদনক্রমে কমিটি নিয়মিতভাবে ০৪ (চার) মাস অন্তর অন্তর কমিটির সভা আহ্বান করবেন।

৫। এ আদেশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**সৈয়দ আলী আহসান**
উপসচিব।

[একই নম্বর ও তারিখে স্থলাভিষিক্ত আদেশ]

**মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়**
**মৎস্য-২ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১১ শ্রাবণ ১৪২৩ বঙ্গাব্দ/২৬ জুলাই ২০১৬ খ্রিষ্টাব্দ

নং ৩৩.০০.০০০০.১২৮.০৮.০১২.১১.১৯১—মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের আওতাধীন মৎস্য অধিদপ্তরের "বিল ও বাওড় মৎস্য উন্নয়ন এবং ব্যবস্থাপনা শীর্ষক সমাপ্ত প্রকল্পের রাজস্বখাতে স্থানান্তরিত ১ম শ্রেণীর ০৪ (চার) টি পদে কর্মরত নিম্নের ছকে উল্লিখিত ০৪ (চার) জন কর্মকর্তার চাকরি বাংলাদেশ সরকারী কর্মকমিশন সচিবালয়ের ৩০ জুন ২০১৬ তারিখের ৮০.১০৮.০৩২.০২.৩৩. ০২৮.২০১৪-৯৩ সংখ্যক স্মারকের সুপারিশক্রমে আদিষ্ট হয়ে ২৬-০৭-২০১৬ তারিখ হতে নিয়মিতকরণে মঞ্জুরী জ্ঞাপন করছি:

| ক্র. নং | নাম ও পদবী | সুপারিশকৃত পদের নাম |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ১ | জনাব মোঃ আব্দুল খালেক, সম্প্রসারণ কর্মকর্তা | সম্প্রসারণ কর্মকর্তা |
| ২ | জনাব মোঃ মিকাইল হোসেন, বৈজ্ঞানিক কর্মকর্তা | বৈজ্ঞানিক কর্মকর্তা |
| ৩ | জনাব তপন কুমার সাহা, খামার ব্যবস্থাপক | খামার ব্যবস্থাপক |
| ৪ | বেগম নাছরীন সুলতানা, প্রশিক্ষক (ট্রেনিং) | প্রশিক্ষক (ট্রেনিং) |

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মুহাম্মদ আনোয়ার হোসেন**
যুগ্মসচিব।

**মৎস্য-১ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ৩০ আশ্বিন ১৪৩০/১৫ অক্টোবর ২০২৩

নং ৩৩.০০.০০০০.১২৬.৩১.০০৬.১৯-৬০৬—যেহেতু জনাব নওরীন জাহান (পরিচিতি নম্বর: ০০৭৭৬), প্রাক্তন উপজেলা মৎস্য কর্মকর্তা, ফরিদগঞ্জ, চাঁদপুর বিসিএস (মৎস্য) ক্যাডারে ০৩-০৯-২০১৮ তারিখ উপজেলা মৎস্য কর্মকর্তা পদে যোগদান করেন। তাঁকে গত ০৯-০৯-২০১৮ হতে ০৮-০৩-২০১৯ তারিখ পর্যন্ত ০৬ (ছয়) মাসের মাতৃত্বকালীন ছুটি প্রদান করা হয়। উক্ত ছুটি ভোগ শেষে ০৯-০৩-২০১৯ তারিখ কর্মস্থলে যোগদানের নির্দেশনা থাকা সত্বেও তিনি কর্মস্থলে যোগদান করেননি। মাতৃত্বকালীন ছুটি ভোগ শেষে শারীরিক ও মানসিক সমস্যার কারণে কমস্থলে যোগদান করা সম্ভব হয়নি মর্মে ০২-০৯-২০১৯ তারিখে ডাক্তারের ফিটনেস সার্টিফিকেটসহ পুনরায় চাকরিতে যোগদানের অনুমতির জন্য আবেদন করেন। কিন্তু তিনি কর্মস্থলে যোগদান করেননি। কর্মস্থলে যোগদান না করার কারণে মৎস্য অধিদপ্তর কর্তৃক তাঁকে ১৮-০৩-২০১৯ ও ২৪-০৩-২০১৯ তারিখ যথাক্রমে ১ম ও ২য় বার

কারণ দর্শানো হয়। তিনি কোন জবাব প্রদান করেননি। পরবর্তীতে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় হতে কর্মস্থলে বিনা অনুমতিতে অনুপস্থিতির জন্য তাঁকে ২৯-১২-২০১৯ তারিখ কারণ দর্শানোর নোটিশ প্রদান করে ১০ (দশ) কার্যদিবসের মধ্যে জবাব প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হলেও তিনি কোন জবাব দাখিল করেননি এবং কর্মস্থলেও যোগদান করেননি। তাঁর এ অননুমোদিত অনুপস্থিতির কারণে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) বিধি অনুসারে যথাক্রমে 'অসদাচরণ (Misconduct' ও 'পলায়ন (Desertion)' এর অভিযোগে তাঁর বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু করে এ মন্ত্রণালয়ের ০৩-০১-২০২২ খ্রি. তারিখের ৩৩.০০.০০০০.১২৬.৩১.০০৬.১৯.০৭ নং স্মারকমূলে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করা হয়; এবং

২। যেহেতু, অভিযোগনামা ও অভিযোগ বিবরণী অভিযুক্ত কর্মকর্তার বর্তমান ও স্থায়ী ঠিকানায় জিইপি ডাকযোগে প্রেরণ করা হয়। কিন্তু উক্ত ঠিকানায় তাঁকে খুঁজে না পাওয়ায় ডাক দু'টি ফেরত আসে। অভিযোগনামা ও অভিযোগ বিবরণী তাঁর ব্যক্তিগত ই-মেইলেও প্রেরণ করা হয়। তিনি কোন লিখিত জবাব প্রদান করেননি বা ব্যক্তিগত শুনানিও চাননি। ন্যায় বিচারের স্বার্থে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৭(২)(ঘ) বিধিমতে অভিযোগের বিষয়টি তদন্তের জন্য জনাব মোঃ মাহবুবুল হক, প্রাক্তন উপসচিব (বাজেট), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বর্তমানে উপসচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়-কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলাটি তদন্ত করে তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করে তদন্ত প্রতিবেদন দাখিল করেন; এবং

৩। যেহেতু, তদন্ত প্রতিবেদন, বিভাগীয় মামলা সংশ্লিষ্ট নথি, প্রাসঙ্গিক বিষয় ও অভিযোগের গুরুত্ব ইত্যাদি সকল বিষয় পর্যালোচনা করে তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও ৩(গ) বিধি অনুযায়ী যথাক্রমে 'অসদাচরণ (Misconduct' ও 'পলায়ন (Desertion)' এর অভিযোগ প্রমাণিত হওয়ায় একই বিধিমালার ৭(৮) বিধি অনুসরণক্রমে ৪(৩)(ঘ) বিধি মোতাবেক 'চাকরি হতে বরখাস্তকরণ (Dismissal from Service)' সূচক গুরুদণ্ড প্রদানের প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণ করে তাঁকে দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়। নোটিশ প্রাপ্তির ৭(সাত) কার্যদিবসের মধ্যে জবাব প্রদানের জন্য নির্দেশনা প্রদানপূর্বক তাঁর স্থায়ী ঠিকানা ও ব্যক্তিগত ই-মেইলে পত্র প্রেরণ করা হলেও তিনি কোনো জবাব দাখিল করেননি। দ্বিতীয় কারণ দর্শানোর কোন জবাব প্রদান না করায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৪(৩)(ঘ) বিধি অনুযায়ী তাঁকে 'চাকরি হতে বরখাস্তকরণের (Dismissal from Service)' প্রাথমিক সিদ্ধান্ত বহাল রাখা হয়; এবং

৪। যেহেতু জনাব নওরীন জাহান-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও ৩(গ) মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ (Misconduct)' ও 'পলায়ন (Desertion)' এর প্রমাণিত অভিযোগে একই বিধিমালার ৭(৮) বিধি অনুসরণক্রমে ৪(৩)(ঘ) বিধি মোতাবেক 'চাকরি হতে বরখাস্তকরণ (Dismissal from Service)' সূচক গুরুদণ্ড প্রদানের বিষয়ে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৭(১০) বিধি এবং বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশন (পরামর্শকরণ) রেগুলেশনস্, ১৯৭৯ এর ৬ নং রেগুলেশন মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের পরামর্শ চাওয়া হয়। বাংলাদেশ সরকারী কর্ম কমিশন জনাব নওরীন জাহান-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮-এর ৪(৩)(ঘ) বিধি মোতাবেক 'চাকরি হতে বরখাস্তকরণ (Dismissal from Service)' সূচক গুরুদণ্ড প্রদানের বিষয়ে প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক গৃহীত সিদ্ধান্তের সঙ্গে একমত পোষণ করে; এবং

৫। যেহেতু, জনাব নওরীন জাহান-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮-এর বিধি ৩(খ) ও ৩(গ) মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ (Misconduct)' ও 'পলায়ন (Desertion)' এর অভিযোগ প্রমাণিত হওয়ায় একই বিধিমালার ৭(৮) বিধি অনুসরণক্রমে ৪(৩)(ঘ) বিধি মোতাবেক 'চাকরি হতে বরখাস্তকরণ (Dismissal from Service)' সূচক গুরুদণ্ড প্রদানের সিদ্ধান্ত মহামান্য রাষ্ট্রপতি কর্তৃক সদয় অনুমোদিত হয়েছে; এবং

৬। সেহেতু, জনাব নওরীন জাহান (পরিচিতি নম্বর: ০০৭৭৬), প্রাক্তন উপজেলা মৎস্য কর্মকর্তা, ফরিদগঞ্জ, চাঁদপুর এর বিরুদ্ধে আনীত অভিযোগ, বিভাগীয় মামলার তদন্ত প্রতিবেদন, বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের মতামত ও সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনাক্রমে বর্ণিত 'অসদাচরণ (Misconduct)' ও 'পলায়ন (Desertion)' এর অভিযোগ প্রমাণিত হওয়ায় তাঁকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮-এর ৪(৩)(ঘ) বিধি মোতাবেক 'চাকরি হতে বরখাস্তকরণ (Dismissal from Service)' সূচক গুরুদণ্ড প্রদান করা হলো।

৭। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
ড. নাহিদ রশীদ
সচিব।

---

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**বিচার শাখা-৭**

**আদেশ**

তারিখ : ০১ অগ্রহায়ণ ১৪৩০/১৬ নভেম্বর ২০২৩

নং ১০.০০.০০০০.১৩১.১১.০৭০.০২(১)-৪০০—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে জনাব সরওয়ার কামাল, জন্ম তারিখ: ০১-০১-১৯৯৫

খ্রি., পিতা-সৈয়দ আহমদ, মাতা-নুর বানু, গ্রাম-পশ্চিম চাকমারকুল, ওয়ার্ড নং-০৯, ডাকঘর-রামু, উপজেলা-রামু, জেলা-কক্সবাজার। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে কক্সবাজার জেলার রামু উপজেলার ১০ নং চাকমারকুল ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে:

তবে শর্ত থাকে যে, সরকার যে কোনো সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোনো উপযুক্ত আদালতের কোনোরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মুরাদ জাহান চৌধুরী**
সিনিয়র সহকারী সচিব।

**[একই তারিখ ও স্মারকে স্থলাভিষিক্ত]**

**শিক্ষা মন্ত্রণালয়**

**মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ**

**(সরকারি মাধ্যমিক-৩)**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০৯ কার্তিক, ১৪৩০ বঙ্গাব্দ/২৫ অক্টোবর, ২০২৩ খ্রিষ্টাব্দ

**নং ৩৭.০০.০০০০.০৭১.১৫.০০২.২২-১৯৬১**—বাগেরহাট জেলার ফকিরহাট উপজেলাধীন 'বঙ্গবন্ধু মাধ্যমিক বালিকা বিদ্যালয়'টি ১৯ অক্টোবর ২০২৩ খ্রিষ্টাব্দ/০৩ কার্তিক ১৪৩০ তারিখ হতে **"বঙ্গবন্ধু সরকারি মাধ্যমিক বালিকা বিদ্যালয়"** নামে সরকারি করা হলো।

২। প্রচলিত বিধি-বিধানের আলোকে এই শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষক/কর্মচারীদের আত্তীকরণ করা হবে।

৩। আত্তীকৃত শিক্ষক/কর্মচারীর চাকরি বদলিযোগ্য হবে না।

৪। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোসা: রোকেয়া পারভীন**
উপসচিব।